Ministero degli Affari Esteri
e della Cooperazione Internazionale

IOM
UN MIGRATION

# অভিবাসী
# সেবা ও তথ্য
# অভিধান




RMMRU 30 Years
Generating Evidence
Shaping Policies
Empowering Migrants

# অভিবাসী সেবা ও তথ্য অভিধান

অক্টোবর ২০২৫

**অভিবাসী সেবা ও তথ্য অভিধান**


**গ্রন্থস্বত্ব**
রামরু কর্তৃক সংরক্ষিত



**সম্পাদনা পর্ষদ**
মাহমুদুল হাসান, প্রোগ্রাম অফিসার (লিগ্যাল), রামরু
ফাবিহা ইদ্রিস, মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন অফিসার, রামরু

**ডিজাইন**
অনিন্দ্য জ্যোতির্ময়, প্রজেক্ট কো-অর্ডিনেটর, রামরু

**প্রকাশনা পরিকল্পনা ও তত্ত্বাবধান**
মেরিনা সুলতানা, ডিরেক্টর-প্রোগ্রাম, রামরু

**অলংকরণ ও মুদ্রণ**
মেঘ আইটেক/www.meghitech.com

**প্রকাশনা**
রেফিউজি এন্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু), সাত্তার ভবন (৫ম তলা)
১৭৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা ১০০০, বাংলাদেশ
ফোন: ০২-৯৩৫০৮৩৬
ফ্যাক্স: ০২-৮৩১৪৪৯১
ই-মেইল: info@rmmru.org
ওয়েবসাইট: www.rmmru.org

# সূচীপত্র


| | |
|---|---|
| ভূমিকা | ০৪ |
| ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | ০৫ |
| জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) | ১৩ |
| প্রবাসী কল্যাণ ব্যাংক | ১৮ |
| বোয়েসেল (BOESL) | ২০ |
| বায়রা (BAIRA) | ২১ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ২২ |
| কারিগরি শিক্ষা অধিদপ্তর | ২২ |
| বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | ২২ |
| কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ২৩ |
| বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিটিআই) | ২৩ |
| জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | ২৪ |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ২৪ |
| জাতীয় মহিলা সংস্থা | ২৪ |

# অভিবাসী সেবা ও তথ্য অভিধান

প্রতিবছর গড়ে প্রায় ১০ লাখ অভিবাসী কর্মী কর্মসংস্থানের উদ্দেশ্যে বাংলাদেশ থেকে পৃথিবীর বিভিন্ন প্রান্তে গমন করেন। অভিবাসীর রেমিট্যান্স দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্ভাবনাময় একটি খাত হওয়া সত্ত্বেও অভিবাসন প্রক্রিয়াসহ সেবাপ্রদানকারী সংস্থার বিষয়ে অভিবাসীর মাঝে থাকছে তথ্য বিভ্রান্তি, রয়েছে ভোগান্তিও। শুধুমাত্র প্রকৃত তথ্য না জানার কারনে একজন অভিবাসী প্রত্যাশীকে প্রতারিত হতে হয়, শিকার হতে হয় নানা দূর্ভোগের। অভিবাসন প্রক্রিয়াকে তথ্য নির্ভর ও নিরাপদ করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর অধীনস্থ বিভিন্ন দপ্তর নানা কার্যক্রম বাস্তবায়ন করছে। রামরু, অভিবাসী ও তার পরিবারের সদস্যের জন্য নিরাপদ অভিবাসন প্রক্রিয়ায় সচেতনতা, ফিরে আসা অভিবাসী নারী এবং পুরুষের জন্য পুনঃএকত্রিকরণ, দক্ষতা উন্নয়ন বিষয়ক তথ্য প্রচারণা, রেফারেল সেবা ইত্যাদী নিশ্চিত করে এ সংক্রান্ত সুনির্দিষ্ট কর্মসূচি পরিচালনা করে চলেছে। এরই অংশ হিসেবে রামরু, অভিবাসন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় সেবা, প্রাতিষ্ঠানিক কাঠামোগত প্রক্রিয়া সহজ ও ডিজিটাল মাধ্যমে লিংকভিত্তিক তুলে ধরতে "অভিবাসীর তথ্য ও সেবার অভিধান" প্রকাশনাটি তৈরী করেছে।

এই অভিধানে মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর ও সংস্থাসমূহ বিশেষ করে বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ডেস্ক, ওয়েজ আর্নার্স সেন্টার, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (DEMO), জেলা ওয়েলফেয়ার সেন্টার, যুব উন্নয়ন অধিদপ্তর, নারী ও শিশু অধিদপ্তরসহ বিভিন্ন সরকারী সংস্থার সেবাসমূহের সেবাকে সংক্ষেপে লিপিবদ্ধ করা হয়েছে। এছাড়া এতে রয়েছে অভিবাসনের বিভিন্ন ধাপ, অভিযোগ ব্যবস্থাপনা, দক্ষতা উন্নয়ন, অভিবাসীর কল্যাণে বিভিন্ন সেবা, বীমা সুবিধা, পুনর্বাসন ইত্যাদী নানা তথ্য লিংক সেবাপ্রাপ্তির নিয়মাবলী।

"অভিবাসীর তথ্য সেবার অভিধান" মূলত একটি দ্রুত সহায়ক রেফারেন্স টুল, যা মাঠপর্যায়ে সেবাদানকারী, তথ্য প্রদানকারী ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের হাতে একটি কার্যকর সহায়ক উপকরণ হিসেবে বিবেচিত হবে।

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অধীন সেবাসমূহ

| সেবা প্রদানকারী | সেবা প্রদানের ধরন | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | আবেদন ও সেবা প্রদানের সময়সীমা | যোগাযোগের লিংক |
|---|---|---|---|---|
| বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক বিদেশগামী ও প্রত্যাগত কর্মীকে সহায়তা | • বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের বিদেশে গমন এবং প্রত্যাবর্তনকালে তথ্য সংগ্রহ, ইমিগ্রেশন, কাস্টমস, এয়ারলাইন্স, বোর্ডিং সংক্রান্ত তথ্য প্রদান ও চাহিদা মোতাবেক আনুষ্ঠানিকতা সম্পাদনে সহায়তা করা হয়।<br>• বর্হিগমন ছাড়পত্র (Smart Card) যাচাই<br>• বোর্ডিং কার্ড সংগ্রহ ও বর্হিগমন কার্ড পূরণে সহযোগিতা | • বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র/স্মার্টকার্ডের নিবন্ধন (মেধাস্বত্ব) সংক্রান্ত প্রমাণ ও পাসপোর্টের কপি। | তাৎক্ষণিক | |
| প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক কর্মীর মৃতদেহ হস্তান্তর | • বিদেশ থেকে প্রবাসী কর্মীর মৃতদেহ মৃতের পরিবারের নিকট হস্তান্তরের সময় বিমানবন্দরের প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে মৃতের বৈধ উত্তরাধীকারীকে ৩৫ হাজার টাকার চেক প্রদান করা হয়। | • মৃতের পাসপোর্টের কপি<br>• স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ওয়ারিশ সনদ/ পারিবারিক সনদ<br>• স্ত্রী/সন্তানদের জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের কপি | তাৎক্ষনিক | |

| | | | | |
|---|---|---|---|---|
| প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক অসুস্থ কর্মীদের সহায়তা | • বিদেশ ফেরত অসুস্থ কর্মীদের চিকিৎসার প্রেক্ষিতে পরিস্থিতি বিবেচনায় মানবিক কারণে বাড়ি গমনের জন্য বিশেষ আর্থিক সহায়তা প্রদান করা হয়। | • বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র/স্মার্টকার্ডের নিবন্ধন<br>• (মেধাস্বত্ব) সংক্রান্ত প্রমাণ ও পাসপোর্টের কপি | তাৎক্ষণিক | |
| প্রবাসী লাউঞ্জ-সেবা | • ফ্রি ওয়াইফাই ব্যবস্থা<br>• ৩০% ডিসকাউন্টে সুলভমূল্যে স্বাস্থ্যসম্মত খাবারের ব্যবস্থা<br>• ফ্রি টেলিফোনের ব্যবস্থা<br>• জরুরি কাগজপত্র ফটোকপি ও প্রিন্ট-এর সুবিধা<br>• বিমান ছাড়ার সময়সূচি দেখা, বিনোদনের জন্য টেলিভিশন, সংবাদপত্র পড়া<br>• জরুরি কাগজপত্র ফটোকপি ও প্রিন্ট সুবিধা প্রদান | • বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র<br>• স্মার্টকার্ডের নিবন্ধন (মেধাস্বত্ব) | তাৎক্ষণিক | |
| অভিবাসীর জন্য সাময়িকভাবে অবস্থান সুবিধা | • বিদেশ গমন ও প্রত্যাবর্তনকালে কর্মীদের সাময়িক অবস্থানের জন্য অনলাইনে বা সরাসরি আবেদন করে হযরত শাহজালাল আন্তর্জাতিক | • কর্মীর আবেদন<br>• বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র/স্মার্টকার্ডের নিবন্ধন (মেধাস্বত্ব) প্রমাণ | তাৎক্ষণিক | অনলাইন আবেদন |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিমানবন্দরের সন্নিকটে ‘ওয়েজ আর্নার্স সেন্টার’ এ অবস্থান করা যাবে<br>• ২০০ টাকা ভর্তি ফি এবং প্রতি রাতের জন্য সিট ভাড়া ২০০ টাকা | • পাসপোর্টের কপি<br>• বিমানের টিকেট এর কপি | | |
| ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের শিক্ষা কার্যক্রম | • প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের এসএসসি- সমমান ও এইচএসসি-র সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তি প্রদান<br>• প্রবাসী কর্মী অথবা তাঁদের সন্তান সরাসরি, প্রবাস বন্ধু মোবাইল অ্যাপ এবং MyGov এর মাধ্যমে আবেদন করলে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য প্রত্যয়নপত্র প্রদান করা হয় | • আবেদন ফরম সংশ্লিষ্ট স্কুল/কলেজ প্রধান এবং বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক অধ্যয়নরত রয়েছে মর্মে প্রত্যয়নপত্র<br>• বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র/ স্মার্টকার্ডের নিবন্ধন (মেধাস্বত্ব) সংক্রান্ত প্রমাণ<br>• পাসপোর্টের কপি | প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রাপ্তির পর ৬০ কার্যদিবস | শিক্ষার্থী কতৃক পূরণকৃত অনলাইন |
| অভিবাসী কর্মীর জন্য “প্রবাসী কর্মী বীমা” | বীমা কভারেজের পরিমাণ ও শর্তাবলী:<br>• বিদেশে কর্মরত অবস্থায় মৃত্যু (স্বাভাবিক বা দুর্ঘটনাজনিত): ক্ষতিপূরণের পরিমাণ: ১০০,০০০<br>• পূর্ণ অঙ্গহানি (যেমন দুই চোখ, দুই পা, বা দুই হাত হারানো): ক্ষতিপূরণের পরিমাণ: ১০০,০০০ | • বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র/স্মার্টকার্ডের নিবন্ধন (মেয়াদসহ)<br>• পাসপোর্টের কপি | ৩০ কার্যদিবস | |

| | | | | |
|---|---|---|---|---|
| | • আংশিক অঙ্গহানি ক্ষতির পরিমাণ অনুযায়ী ১০% থেকে ৯০% পর্যন্ত।<br>• বিশেষ সহায়তা: চাকরি হারিয়ে ৬ মাসের মধ্যে দেশে ফিরলে: ক্ষতিপূরণের পরিমাণ: ৫০,০০০ | • এই বীমা ৫ বছরের জন্য প্রযোজ্য, এককালীন প্রিমিয়াম মাত্র ১,০০০ টাকা<br>• শুধু বিদেশে বৈধভাবে কর্মরত (BMET নিবন্ধিত) কর্মীদের জন্য প্রযোজ্য | | |
| জীবন বীমা কর্পোরেশন এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর যৌথ ব্যবস্থাপনায় ক্ষতিপূরণ | • বীমার নাম প্রবাসী কর্মী কল্যাণ বীমা<br>• ক্ষতিপূরণ মৃত্যু বা সম্পূর্ণ পঙ্গুত্বে ১,০০০,০০০ (দশ লক্ষ টাকা)<br>• প্রিমিয়াম (এককালীন) প্রায় ২,৫০০ থেকে ৩,৫০০ টাকা (বয়সভেদে পরিবর্তনশীল)<br>• মেয়াদ ৫ বছর | • বৈধভাবে বিদেশগামী (BMET নিবন্ধিত) কর্মী<br>• মৃত্যু বা পঙ্গুত্ব ঘটে বিদেশে অবস্থানের সময় বা ফেরার পর ১ বছরের মধ্যে আবেদন করতে হবে | প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রাপ্তির পর ৬০ কার্যদিবস | |
| অভিবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানের মাসিক ভাতা সুবিধা | • অভিবাসীর প্রতিবন্ধী সন্তানকে মাসিক ভাতা প্রদানের লক্ষ্যে জানুয়ারি-ফেব্রুয়ারি মাসের মধ্যে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়<br>• বিজ্ঞাপনের প্রেক্ষিতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক সুবিধাভোগীকে ১,০০০ টাকা হারে বছরে এক কিস্তিতে ১২,০০০ টাকা ভাতা প্রদান করা হয় | • বিএমইটি-র বহির্গমন ছাড়পত্র<br>• বোর্ডের নিবন্ধন সংক্রান্ত প্রমাণাদি<br>• পাসপোর্টের কপি<br>• সমাজসেবা অধিদফতর থেকে প্রাপ্ত সুবর্ণ কার্ড | ৬০ কার্যদিবস | |

| | | | | |
|---|---|---|---|---|
| ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক অসুস্থ কর্মীর চিকিৎসার্থে আর্থিক সাহায্য প্রদান। | • আহত ও অসুস্থ প্রবাসী কর্মী বোর্ডের মহাপরিচালক বরাবর আবেদন করলে<br>• যাচাই-বাছাই ও কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে সর্বোচ্চ ১ লক্ষ ৫০ হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়। | • কর্মী অথবা পরিবারের সদস্যদের আবেদন।<br>• বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র<br>• বোর্ডের নিবন্ধন সংক্রান্ত প্রমাণ<br>• পাসপোর্টের কপি<br>• চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি এবং অসুস্থ কর্মীর ছবি। | প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রাপ্তির পর ৬০ কার্যদিবস | |
| প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ স্থানীয়ভাবে দাফনে সহায়তা প্রদান | • বিদেশে মৃত কর্মীর মৃতদেহ, সংশ্লিষ্ট দেশে দাফনের বিষয়ে মৃতের পরিবারের সাথে যোগাযোগপূর্বক মৃতদেহ দাফনের মতামত সংশ্লিষ্ট দূতাবাস/ হাইকমিশনে প্রেরণ করা হয় | • পরিবারের সদস্যের আবেদন | তাৎক্ষণিক | |
| বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়নে সহায়তা প্রদান। | • প্রবাসে মৃত কর্মীর লাশ দেশে আনয়নের লক্ষ্যে মৃতের পরিবারের মতামত সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট দূতাবাস/হাই কমিশনে প্রেরণ করা হয়।<br>• মৃতের লাশ দেশে না আসা পর্যন্ত দূতাবাসের সাথে যোগাযোগ অব্যাহত রাখা হয়। | • পরিবারের সদস্যের আবেদন। | তাৎক্ষণিক | |

| | | | | |
|---|---|---|---|---|
| বিদেশে মৃত কর্মীর পরিবারকে আর্থিক সহায়তা | • বিদেশে মৃত কর্মীর পরিবারকে ৩ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান। লাশ দেশে আসার পর প্রবাসী কল্যাণ ডেস্ক থেকে বোর্ডের ছাড়পত্র সংগ্রহ অথবা সরাসরি আবেদনের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রাদি চেয়ে মৃতের পরিবারের বরাবর চিঠি ইস্যু করা হয়।<br>• প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রাপ্তির পর মৃত কর্মীর পরিবারের ব্যাংক হিসাব নম্বরে বিইএফটিএন এর মাধ্যমে সরাসরি ০৩ (তিন) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয় এবং<br>• মোবাইলে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হয়।<br>• মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়টি নিশ্চিত করা | • ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট থেকে পরিবারের সদস্য সনদপত্র<br>• ৪০০ (চার শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা<br>• অর্থ গ্রহণকারীর যে কোনো তফসিলি ব্যাংকের হিসাব নম্বও ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটমেন্ট<br>• প্রত্যেক ওয়ারিশের পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি। | প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রাপ্তির পর ৬০ কার্যদিবস | |
| বিদেশ ফেরত অসুস্থ ও মৃত কর্মী পরিবহনে অ্যাম্বুলেন্স সেবা প্রদান। | • অভিবাসী কর্মী বা তাঁর পরিবারের আবেদনের প্রেক্ষিতে আহত, অসুস্থ ও মৃতকর্মী পরিবহনের জন্য ঢাকা ও চট্টগ্রাম বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করা হয়। | • পরিবারের সদস্যদের আবেদন। | তাৎক্ষণিক | |

| | | | | |
|---|---|---|---|---|
| বিদেশে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া পাওনাসহ অন্যান্য অর্থ আদায়ে সহায়তা প্রদান | • দূতাবাস/হাইকমিশন হতে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ পাওয়ার সম্ভাবনার বিষয়টি অবহিত হওয়ার পর সংশ্লিষ্ট দেশে মামলা পরিচালনার জন্য পাওয়ার অব এ্যাটর্নিসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিলের জন্য মৃতের পরিবার বরাবর পত্র প্রেরণ করা হয়।<br>• মৃতের পরিবার কর্তৃক প্রার্থিত কাগজপত্রাদি প্রস্তুত করে দূতাবাস/হাইকমিশনে প্রেরণের ব্যবস্থা করা।<br>• মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত দূতাবাসের সাথে যোগাযোগ অব্যাহত রাখা।<br>• প্রয়োজনে পাওয়ার অব অ্যাটর্নিসহ কাগজপত্রাদি প্রস্তুতের জন্য বোর্ডের প্যানেল সেল থেকে সহায়তা দেয়া। | • ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার<br>• মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট হতে পরিবারের সদস্য সনদপত্র<br>• ৪০০/- (চারশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (নমুনা কপি) | প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রাপ্তির পর ৬০ কার্যদিবস | |
| প্রবাসী হেল্প ডেস্কের মাধ্যমে তাৎক্ষণিক সেবা প্রদান। | • আগত অভিবাসী কর্মী ও তাঁর পরিবারের সদস্যদের বিভিন্ন সমস্যা সমাধানে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণসহ পরামর্শ প্রদান করা। | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য<br>• কাগজপত্র | তাৎক্ষণিক | |

| | | | | |
|---|---|---|---|---|
| দেশে আগমন ও আইনী সহায়তা | • অভিবাসী কর্মীর বিদেশে আইনগত সহায়তার প্রয়োজন হলে জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবাসী<br>• কল্যাণ শাখা/ডেস্কের মাধ্যমে অর্থ বা সরাসরি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে আবেদন করা।<br>• সংশ্লিষ্ট দূতাবাস বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিঠি পাঠানো এবং আবেদনকারীকে অবহিত করা হয়। | • পরিবারের সদস্যদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র। | তাৎক্ষণিক | |
| সেইফ হাউজ বা সৌরিয়ারা (রিয়াদ, জেদ্দা, মদিনা, ওমান, জর্ডান, লিবিয়া ও লেবানন) | • অভিবাসী কর্মী ও তাঁদের পরিবারকে বিদেশে সেইফ হাউজ সহায়তার প্রয়োজন হলে জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবাসী কল্যাণ শাখা/ডেস্কের মাধ্যমে অথ বা সরাসরি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে আবেদন করলে সংশ্লিষ্ট দূতাবাস বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিঠি পাঠানো হয় এবং আবেদনকারীকে অবহিত করা হয়।<br>• অভিবাসী বাংলাদেশি নারী কর্মীদের দেশে ফেরত আনতে নিয়োগকর্তা কর্তৃক অপারগতা প্রকাশ অথবা খরচ বহনে আর্থিক | • পরিবারের সদস্যদের আবেদন। | তাৎক্ষণিক | |

| | | | | |
|---|---|---|---|---|
| | অসমর্থতায় তাদের দেশে ফেরত আনার খরচ বহন করা। | | | |
| জেলা ওয়েলফেয়ার সেন্টার | • ৩১টি জেলা ওয়েলফেয়ার সেন্টার এর মাধ্যমে বিদেশে কর্মরত শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের বিভিন্ন ধরনের সেবা প্রদান করে।<br>• বিদেশফেরত কর্মীদের নগদ প্রণোদনা, আত্মকর্মসংস্থান, ঋণপ্রাপ্তি, কাউন্সেলিং, উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণ, দক্ষতা সনদসহ কারিগরি প্রশিক্ষণ গ্রহণে ইত্যাদী বিষয়ে সহযোগিতা করা হয়। | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র। | | |

## জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র অধীন সেবাসমূহ

| সেবা প্রদানকারী | সেবা প্রদানের ধরন | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | আবেদন ও সেবা প্রদানের সময়সীমা | যোগাযোগের লিংক |
|---|---|---|---|---|
| জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) | • বিদেশগামী কর্মীদের নিবন্ধন ও তথ্য সংরক্ষণ<br>• কর্মীদের ওরিয়েন্টেশন ও ব্রিফিং প্রদান<br>• দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি প্রশিক্ষণ প্রদান | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য<br>• কাগজপত্র | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ● সরকারি অনুমোদিত রিক্রুটিং এজেন্সির কার্যক্রম তদারকি ও লাইসেন্স প্রদান<br>● রিক্রুটিং এজেন্সিকে কর্মী (নারী ও পুরুষ) প্রেরণের অনুমতি প্রদান<br>● অভিযুক্ত রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা<br>● বিদেশে কর্মরত শ্রমিকদের সমস্যা মোকাবেলা ও অভিযোগ ব্যবস্থাপনা<br>● প্রত্যাগমন ও পুনর্বাসনে সহায়তা প্রদান | | | |
| জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) অভ্যন্তরীণ ই-সেবা-সমূহই | ● বিএমইটির রেজিস্ট্রেশন ছাড়া কোনো কর্মী বিদেশ যাওয়ার ছাড়পত্র পাবে না। তাই অভিবাসনের পূর্বে বিএমইটি-র মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন নিশ্চিত করা।<br>● বিএমইটি অনলাইন ছাড়পত্র বা বহির্গমন ক্লিয়ারেন্স প্রদান করা।<br>● সরাসরি অভিযোগ এবং অনলাইনের মাধ্যমে বিএমইটি-তে অভিযোগ করা। | ● প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য<br>● কাগজপত্র। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| বিএমইটি অভিযোগ ব্যবস্থাপনা সেল | • অভিবাসন-খাতে প্রতারণা রোধে সরকারিভাবে অনুমোদিত রিক্রুটিং এজেন্সি-সমুহের তালিকাসমুহ<br>• বিদেশে প্রতারণা, অতিরিক্ত অর্থ গ্রহণ, মিথ্যা প্রতিশ্রুতি বা অসদাচরন সংক্রান্ত অভিযোগ গ্রহণ করা<br>• ফোন, ইমেইল, অনলাইন, সরাসরি অভিযোগ নেয়া<br>• বৈধ কাগজপত্র ও সাক্ষ্য যাচাই করে অভিযুক্ত দালাল, রিক্রুটিং এজেন্সি বা সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা<br>• ভুক্তভোগীদের আইনি পরামর্শ বা সহায়তা প্রদান করা | • আবেদনকারীর আবেদন<br>• বিএমইটি ক্লিয়ারেন্স কার্ড<br>• এনআইডি কার্ডের ফটোকপি<br>• ভিসা ও পাসপোর্টের ফটোকপি | প্রয়োজনীয় কাগজ পত্রাদি প্রাপ্তির পর ৩০ কার্যদিবস | |
| ব্যক্তিগত উদ্যোগে ভিসা সংগ্রহকারী বিদেশগামী কর্মীর ইমিগ্রেশন ক্লিয়ারেন্স প্রদান | • ব্যক্তিগত উদ্যোগে বিদেশগামী কর্মীর কর্মসংস্থান ভিসা সঠিক থাকলে বহির্গমন শাখা থেকে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স প্রদান | • আবেদনপত্র, ভিসার কপি, চাকরির চুক্তিপত্র, নিবন্ধনপত্রের সত্যায়িত কপি (৫টি)<br>• ৩০০ টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা<br>• কল্যাণ তহবিলে জমাকৃত পে-অর্ডার | ৩ কার্যদিবস | |

| | | | | |
|---|---|---|---|---|
| চাকরির চাহিদাপত্র এবং সংশ্লিষ্ট তথ্যাদি যাচাই (চাকরির ভিসা) | • সৌদি আরব, কাতার, বাহরাইন, সিঙ্গাপুর ও সংযুক্ত আরব আমিরাতের ভিসা অনলাইন-এর মাধ্যমে যাচাই করা, সেক্ষেত্রে ভিসা যাচাই এ্যাপ গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করে নেয়া যায় | • ভিসা এবং প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্টে ভিসা স্ট্যাম্পিং এর পৃষ্ঠা সম্বলিত কপি | ৩ কার্যদিবস | |
| জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সেবাসমুহ | • বিদেশে চাকরি বিষয়ক তথ্য প্রদান, প্রশিক্ষণ ও অন্যান্য বিষয়ে পরামর্শ দেয়া<br>• অভিযোগ গ্রহণ,অনুসন্ধান ও তদন্ত করা<br>• মৃত্যুবরণকারী বা দুর্ঘটনার শিকার কর্মীর মৃতদেহ দেশে আনা, সৎকার করা এবং ক্ষতিপূরণে সহায়তা করা<br>• বিদেশ ফেরত অভিবাসীর দেশে কর্মসংস্থান, বিনিয়োগ ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে পরামর্শ দেয়া<br>• নারী কর্মীর সকল ধরনের সহায়তা দেয়া | • প্রার্থিত সেবা অনুযায়ী<br>• প্রযোজ্য কাগজপত্র | | |

| | | | | |
|---|---|---|---|---|
| টিটিসি; কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজী (আইএমটি) প্রশিক্ষণ কর্মসূচি | • ৫৫টি ট্রেড-এ প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। বিএমইটির অধীন ৬টি মেরিন ইনস্টিটিউটে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা, ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড কোর্স।<br>• ৪৭টি টিটিসি-তে ২ বছর মেয়াদি এসএসসি ভোকেশনাল ও সকল টিটিসিতে স্বল্প মেয়াদি দক্ষতা উন্নয়ন কোর্স, ৬১টিতে ড্রাইভিং প্রশিক্ষণ।<br>• ৩৩টি টিটিসি-তে জাপানিজ, ৭টিতে কেয়ার-গিভিংসহ জাপানিজ ভাষাশিক্ষা কোর্স, ১৮টিতে কোরিয়ান, ৪টি চাইনিজ (ক্যান্টনিজ ও ম্যান্ডারিন), ২টি আরবি ও ৮টি ইংরেজি ভাষাশিক্ষা কোর্স।<br>• বেসরকারি প্রতিষ্ঠানের সাথে চুক্তির মাধ্যমে এবং STEP, SEIP, B-SEP, Skills প্রকল্পের কো-পার্টনার হিসেবে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।<br>• LG Butterfly ও বিএমইটি-র যৌথ উদ্যোগে টিটিসি ঢাকা ও বিকেটিটিসি চট্টগ্রামে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। | • সেবা অনুযায়ী<br>• প্রযোজ্য কাগজপত্র | | |

# সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থার অধীনে সেবাসমূহ

| সেবা প্রদানকারী | সেবা প্রদানের ধরন | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | আবেদন ও সেবা প্রদানের সময়সীমা | যোগাযোগের লিংক |
|---|---|---|---|---|
| প্রবাসী কল্যাণ ব্যাংক | • অভিবাসন ও মাইগ্রেশন ঋণ প্রদান<br>• অভিবাসন ঋণের ক্ষেত্রে সুদের হার মাত্র শতকরা ০৯ টাকা<br>• পরিশোধের দিন থেকে সর্বোচ্চ ০২(দুই) মাস গ্রেস পিরিয়ড<br>• নতুন ভিসার ক্ষেত্রে ঋণের মেয়াদ সর্বোচ্চ ০৩ (তিন) বছর; রি-এন্ট্রি ভিসার ক্ষেত্রে ঋণের মেয়াদ সর্বোচ্চ ০২ (দুই) বছর | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবস | |
| পুনর্বাসন ঋণ (রিহাবিলিটেশন লোন) | • ১১টি খাতে ব্যবসা খাতে ঋণ বিতরন করা হয়। যার মধ্যে রয়েছে: কৃষিঋণ, মাঝারি ধরনের কৃষি-নির্ভর শিল্পঋণ, মুরগির খামার মৎস্যচাষ, বায়োগ্যাস প্ল্যান্ট, সৌর-জ্বালানি, তথ্য প্রযুক্তি,একটি বাড়ি একটি খামার,<br>• নারী উদ্যোক্তাদের জন্য ক্ষুদ্র ও কুটির শিল্প | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | আবেদন প্রাপ্তির ১০ কর্মদিবস | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ● গরু মোটাতাজা-করণ, দুগ্ধ উৎপাদনকারী খামার প্রকল্প<br>● ঋণ কিস্তিতে পরিশোধযোগ্য,<br>● মেয়াদ সর্বোচ্চ ১০ বছর<br>● পুনর্বাসন ঋণসীমা সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা | | | |
| অভিবাসী কর্মীদের সঞ্চয়-সেবা প্রদান | ● অভিবাসীর পাঠানো অর্থ সঞ্চয়ের জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক সঞ্চয়ী হিসাব খোলার সুযোগ রয়েছে<br>● অভিবাসী এবং প্রত্যাগত কর্মী ১৮ থেকে ৬০ বছরের যেকোনো অভিবাসী একাউন্ট খুলতে পারবেন<br>● অভিবাসীর বাংলাদেশীর অবশ্যই রেসিডেন্স/ওয়ার্ক পারমিট থাকতে হবে। | ● প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য<br>● কাগজপত্র | | |
| প্রবাসী দ্বিগুণ বৃদ্ধি আমানত প্রকল্প | ● দ্বিগুণ বৃদ্ধি আমানত প্রকল্পের মাধ্যমে অভিবাসী নির্দিষ্ট সময়ের জন্য নিরাপদে টাকা জমা রাখার সুযোগ রয়েছে।<br>● এই প্রকল্পে অভিবাসী সঞ্চয়ী হিসাব খুলতে সর্বনিম্ন ১০০০ টাকা লাগবে। | ● প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য<br>● কাগজপত্র | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | • এককালীন জমা টাকার পরিমাণ- সর্বনিম্ন ৫০,০০০ টাকা ও এর গুনিতক এবং সর্বোচ্চ ১,০০০,০০০ (দশ লক্ষ) টাকা<br>• জমাকৃত টাকা ১১ বছরে দ্বিগুণ হবে, সম্পূর্ণ টাকা বীমাকৃত<br>• ১৮ থেকে ৬৫ বছরের অভিবাসী একাউন্ট খুলতে পারবেন। | | | |
| **বোয়েসেল** (BOESL) ট্রেডভিত্তিক দক্ষ ও আধা-দক্ষ কর্মীর প্রেরণের সরকারী প্রতিষ্ঠান | বোয়েসেলে পরিচালিত দক্ষতাভিত্তিক কাজ ও দেশ:<br>• কুয়েতে নার্সিং-এ (ডিপ্লোমা ও বিএসসি নার্স)<br>• মালয়েশিয়ায় ম্যানুফ্যাকচারিং ও প্লান্টেশন<br>• রাশিয়ায় শিপবিল্ডিং ট্রেড<br>• জর্ডানে গার্মেন্টস ও মেশিন অপারেটর ট্রেড-এ<br>• ফিজি ও অন্যান্য দেশে কন্সট্রাকশন ও সাধারণ শ্রমিক<br>• দক্ষিণ কোরিয়ায় EPS প্রোগ্রামের আওতায় বিভিন্ন ট্রেড-এ। | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য<br>• কাগজপত্র | | |

| | | | | |
|---|---|---|---|---|
| **বায়রা** (BAIRA) বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি | • বিদেশ থেকে কর্মীর চাহিদা/ ওয়ার্ক পারমিট এনে, মাঠপর্যায় থেকে কর্মী সংগ্রহ<br>• বিএমইটি-র অনুমতি নিয়ে বিদেশে লোক পাঠানো<br>• কর্মীর নিরাপত্তার স্বার্থে বায়রা দুই ধরনের বীমা প্রদান করছে। একটি বিদেশগামী অভিবাসীর নিজের জন্য এবং অপরটি তার পরিবারের সদস্যের জন্য<br>• বিদেশগামীর জন্য স্বল্পমেয়াদী বিদেশী ভাষা ও অভিবাসন নিয়মাবলী সংক্রান্ত প্রশিক্ষণ দেয়া। | | | |
| **গামকা** (GAMCA) বা বর্তমানে Wafid উপসাগরীয় দেশগুলোর জন্য নির্ধারিত একটি মেডিকেল পরীক্ষা প্রক্রিয়াকেন্দ্র। | • GCC দেশগুলোর অভিবাসন চাহিদা অনুযায়ী মেডিকেল ফিটনেস যাচাই নিশ্চিত করা।<br>• রক্ত, এক্স-রে, ইউরিন টেস্টসহ সংক্রামক রোগ যেমন HIV, হেপাটাইটিস BIC, যক্ষা (TB), ম্যালেরিয়া, ইত্যাদি শনাক্তকরণ<br>• মানসিক স্বাস্থ্য ও ড্রাগ এ্যাডিকশন সংক্রান্ত স্ক্রিনিং (বিশেষ ক্ষেত্রে)<br>• অযোগ্য (Unfit) প্রার্থীদের রিপোর্ট প্রদান এবং পুনঃপরীক্ষার সুযোগ | • এই পরীক্ষার ফলাফল অনুযায়ী শ্রমিকদের মেডিকেল 'ফিট' বা 'আনফিট' ঘোষণা করা হয়, যা কর্মী ভিসা পাওয়ার জন্য বাধ্যতামূলক। | | এই সাইট থেকে আপনি আপনার Wafid/GAMCA মেডিকেল রিপোর্টের স্ট্যাটাস অনলাইনে চেক করতে পারবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | • নতুন e-Passport আবেদন (৫ বা ১০ বছর মেয়াদে)<br>• তথ্য সংশোধন (নাম, জন্ম তারিখ, ঠিকানা ইত্যাদি)<br>• হারানো/নষ্ট পাসপোর্ট পুনরায় ইস্যু<br>• মেয়াদোত্তীর্ণ পাসপোর্ট নবায়ন<br>• শিশুর জন্য e-Passport আবেদন<br>• পাসপোর্ট স্ট্যাটাস ট্র্যাকিং | • অনলাইনে বা অফলাইনে পূরণকৃত আবেদনপত্র<br>• জাতীয় পরিচয়পত্র<br>• ১৮-২০ বছরের জন্য: NID বা ডিজিটাল জন্মনিবন্ধন সনদ | সাধারণ: ১৫ কার্যদিবস<br>জরুরি: ৭ কার্যদিবস<br>অতি জরুরি: ২ কার্যদিবস | |
| কারিগরি শিক্ষা অধিদপ্তর - এর কারিগরি শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান | • কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রদানপূর্বক DTE Stipend MIS এর মাধ্যমে শিক্ষার্থী তথ্য সংগ্রহ করার মাধ্যমে | • DTE Stipend MIS G SAF (Student Application Form) https://shrturl.app/cocvSb Upload করা আছে যা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে সংগ্রহ করা যাবে। | বিজ্ঞপ্তি প্রদানের পর হতে ৩০ কর্ম দিবস | |
| বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB)-এর নাগরিক সেবা | • ই-সেবা (অনলাইন সেবা প্রদান)<br>• শিক্ষার্থী তথ্য সংশোধন<br>• ই-সেবা প্রতিষ্ঠান প্যানেল<br>• ই-সেবা বাকাশিবো প্যানেল | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর নিধারিত সময়ের মধ্যে সেবা পাবে | |

| | | | | |
|---|---|---|---|---|
| | • বিদেশগামী নাগরিকদের সার্টিফিকেট সত্যয়ন<br>• ভোকেশনাল কোর্স মান, পরীক্ষা, সার্টিফিকেশন ইত্যাদি: | | | |
| কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | • এই বিভাগ এর ডিজিটাল সেবাসমূহ এবং নাগরিক ই-সেবা ও এর ফরম সমূহ উক্ত লিংকের মাধ্যমে পাওয়া যাবে | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর নিধারিত সময়ের মধ্যে সেবা পাবে | |
| বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিটিআই) | • বিদ্যমান কুটির শিল্প, মাইক্রো শিল্প, ক্ষুদ্র শিল্প, মাঝারি শিল্প ও বৃহৎ শিল্পের নিবন্ধন প্রদান<br>• উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণসমূহ<br>• শিল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণসমূহ<br>• অর্থ বিষয়ক প্রশিক্ষণসমূহ<br>• বিপণন বিষয়ক প্রশিক্ষণসমূহ | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর নিধারিত সময়ের মধ্যে সেবা পাবে | |

| | | | | |
|---|---|---|---|---|
| জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | • জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ণ করা<br>• শ্রম বাজারের জন্য দক্ষ মানব সম্পদ তৈরি<br>• শ্রম বাজারের শ্রম বাজারের চাহিদার পূর্বাভাষ সম্পর্কিত তথ্য প্রকাশ এবং খাতভিত্তিক দক্ষতা তথ্য ভান্ডার প্রতিষ্ঠা করা<br>• পেশার পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান করা; | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | যথাযথ কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর নিধারিত সময়ের মধ্যে সেবা পাবে | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | • প্রশিক্ষণ কর্মসূচি, দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচি, বেকার যুবদের কারিগরি প্রশিক্ষণ প্রকল্প<br>• যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত কর্মসূচি | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | যথাযথ কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর নিধারিত সময়ের মধ্যে সেবা পাবে | |
| জাতীয় মহিলা সংস্থা | • দক্ষতা উন্নয়ন মুলক প্রশিক্ষণ | • প্রার্থিত সেবা অনুযায়ী প্রযোজ্য কাগজপত্র | যথাযথ কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির পর নিধারিত সময়ের মধ্যে সেবা পাবে | |

**রেফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু)**
সাত্তার ভবন (৪র্থ তলা), ১৭৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা
ফোন: (৮৮)০২৫৮৩১৬৫২৪, ওয়েব সাইট: www.rmmru.org
ই-মেইল: info@rmmru.org